



সূত্র: এলএফএমইএবি/সমঝোতা চুক্তি/লেফাসো/৫৮/১৮

তারিখ: মঙ্গলবার, ০৬/০৩/২০১৮ইং

**এলএফএমইএবি এবং ভিয়েতনাম লেদার, ফুটওয়্যার এন্ড হ্যান্ডব্যাগ এ্যাসোসিয়েশন (লেফাসো) এর মধ্যে বিনিয়োগ ও সহযোগিতা
বিষয়ক সমঝোতা সাক্ষরিত**

৫ মার্চ ২০১৮ইং (সোমবার), এলএফএমইএবি-এর অফিসে এলএফএমইএবি এবং ভিয়েতনাম লেদার, ফুটওয়্যার এন্ড হ্যান্ডব্যাগ এ্যাসোসিয়েশন (লেফাসো) এর মধ্যে একটি সমঝোতা চুক্তি সাক্ষরিত হয়েছে এবং উক্ত সমঝোতা চুক্তিটি পরদিনই (৬ মার্চ ২০১৮ইং) ঢাকাস্থ প্যান পাসিফিক সোনারগাঁও হোটেলে ভিয়েতনামের মাননীয় রাষ্ট্রপতি জনাব ত্রান দাই কুয়াংয় এবং বাংলাদেশের মাননীয় বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহাম্মেদ এর উপস্থিতিতে বিনিময় হয়।

এই সমঝোতা অনুযায়ী, লেফাসো-এর সদস্যভুক্ত কোম্পানি টিবিএস গ্রুপ, যারা ভিয়েতনামের প্রধান ৫টি পাদুকা প্রস্তুতকারক ও রপ্তানিকারক কোম্পানির মধ্যে অন্যতম, বাংলাদেশের চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পখাতে ১০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের করতে যাচ্ছে, এর ফলে বাংলাদেশের এই শিল্পখাতে ১০,০০০ নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে।

এই চুক্তির মাধ্যমে এলএফএমইএবি এবং লেফাসো-এর মধ্যে পারস্পারিক সম্পর্ক আরও জোরদার হবে এবং উভয় পক্ষ যৌথ ভাবে নানাবিধ কার্যক্রম যেমনঃ শিল্প পার্ক স্থাপন, তথ্য আদান-প্রদান ইত্যাদি নানামুখী উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনা করতে সম্মত হয়েছে। যার ফলে, বাংলাদেশ ও ভিয়েতনামের মধ্যে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে দুই দেশের পাদুকাশিল্প সংশ্লিষ্ট ব্যবসায়ী ও উদ্যোক্তারা উপকৃত হবে।

উক্ত অনুষ্ঠানে এলএফএমইএবি-এর প্রেসিডেন্ট এবং পিকার্ড বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মাদ সায়ফুল ইসলাম ভিয়েতনাম থেকে আগত প্রতিনিধিদের স্বাগত জানিয়ে বলেন, “ভিয়েতনামের পাদুকা শিল্পের রপ্তানি বাজার এবং দেশীয় বাজার উভয় বড় হচ্ছে এবং ভিয়েতনাম ধারাবাহিকভাবে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাদুকা রপ্তানিকারক দেশ হিসেবে নিজেদের অবস্থান ধরে রেখেছে। টিবিএস গ্রুপের এই উদ্যোগ অত্যন্ত সমরোপযোগী”। তিনি আরও উল্লেখ করেন যে বাংলাদেশ আন্তর্জাতিক রপ্তানির ক্ষেত্রে অগ্রাধিকার সুবিধা পাচ্ছে এবং এখানে প্রতিযোগিতামূলক মজুরীতে দক্ষ ও সুশৃঙ্খল মানবসম্পদ রয়েছে এবং বাংলাদেশ একটি অন্যতম বিনিয়োগ বান্ধব দেশ।

জনাব দিয়েপ খানহ কিয়েত, ভাইস চেয়ারম্যান, লেফাসো বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে এলএফএমইএবি-এর সহযোগিতা কামনা করেন এবং বলেন, “এই প্রকল্পটি সফলভাবে সম্পন্ন হলে, টিবিএস গ্রুপ ভিয়েতনামের অন্যান্য কোম্পানিগুলোও বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে উৎসাহিত করবে।” উক্ত সমঝোতা তে এলএফএমইএবি-এর পক্ষে সাক্ষর করেন এলএফএমইএবি-এর প্রেসিডেন্ট জনাব মোহাম্মাদ সায়ফুল ইসলাম এবং লেফাসো-এর পক্ষে সাক্ষর করেন জনাব দিয়েপ খানহ কিয়েত, ভাইস চেয়ারম্যান, লেফাসো। এছাড়াও, উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন টিবিএস গ্রুপের পক্ষে মিস নুয়েন থি উই এবং মিস নুয়েন থাওয়াহ থাও এবং সৈয়দ নাসিম মঞ্জুর, উপদেষ্টা এলএফএমইএবি এবং ব্যবস্থাপনা পরিচালক এপেক্স ফুটওয়্যার লিমিটেড, জনাব মোঃ নাসির খান ভাইস প্রেসিডেন্ট এলএফএমইএবি, জনাব মোঃ নাজমুল হাসান সোহেল, ভাইস প্রেসিডেন্ট (অ্যাডমিন এন্ড এইচআর) এলএফএমইএবি, এবং কাজী রওশন আরা, নির্বাহী পরিচালক এলএফএমইএবি প্রমুখ।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

ধন্যবাদান্তে,

কাজী রওশন আরা

নির্বাহী পরিচালক